দর্শনা ঈশ্বরচন্দ্রপুর নিমতলা সীমান্তে মাঠে ৬ হাজার পেঁপে গাছের চাঁরা ও কলা কর্তন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা ঈশ্বরচন্দ্রপুর নিমতলা সীমান্তে মাঠে মো: মহিদ উদ্দিন নামের এক কৃষকের ৩ টি বের্ডের ৬ হাজার পেঁপের গাছ চারা কর্তন ও একটি কলা বাগানের ১২ টি কলার কান্দি কেটে নিয়ে গেছে দূর্বত্তরা।

অভিযোগ সুত্রে জানা গেছে, গতকাল শুক্রবার সকালে চাষী তার দর্শনা নিমতলী পেঁপে বের্ডে ও কলাবাগানে গিয়ে এ ঘটনা দেখতে পাই।
কৃষক মো: মহিদ উদ্দিন বলেন, দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামের ফিট্রু ও জনি নামের দুজন মিলে পেঁপের চারা ও কলা গাছের কান্দি কেটে নিয়ে গেছে। প্রতিপক্ষরা পূর্ব পরিকল্পিত ভাবে তার ৩ টি বের্ডের ৬ হাজার পেঁপে গাছের চারা কর্তন করে ও একটি কলা বাগানের ১২ টি কলার কান্দি কেটে নিয়ে যায়।

এরপর প্রতিপক্ষরা পেঁপে চারা ও কালার কান্দি কেটে খান্ত হয়নি। তাকে প্রাণ নাশের হুমকি দিচ্ছে বলে অভিযোগ করেছেন।
এঘটনায় দর্শনা থানায় একটি লিখিত এজাহার দাখিল করছে।

এ ঘটনায় চাষী মহি উদ্দিন সাংবাদিকদের বলেন, আমি একেবারে পথে বসিয়ে দিয়েছে। আমার ৮ বিঘা জমি রেডি করে রেখেছি আমি দুই একদিনের ভিতর চারা লাগবো। সেই মূহুর্তে সব কেটে দিয়েছে এতে প্রায় আমার লক্ষাধিক টাকা ক্ষতি হয়েছে।

ঝিনাইদহে শ্রী শ্রী রক্ষা মা কালী পূজা উদযাপন

ঝিনাইদহের ৮নং পাগলা কানাই ইউনিয়নে গিলাবাড়ী শ্রী শ্রী রক্ষা মা

কালী পূজা উদযাপন অনুষ্ঠিত হচ্ছে। পূজা গতকাল শুক্রবার শুরু হয়েছে, আড়াই দিন চলবে।
এ পূজায় ১৪ হাত প্রতিমা বানানো হয়। এই মন্দিরের সভাপতি, শ্রী অমল বিশ্বাস, সাধারণ সম্পাদক, রতন কুমার বিশ্বাস এই কথা জানান। পূজা উপলক্ষে প্রসাদ বিতরণ, আরতি, ধর্মীয় সঙ্গীত, সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোকসজ্জা করা হয়। করোনা মহামারি পরিস্থিতির কারণে স্বাস্থবিধি মেনে মন্দিরে পূজা হয়।
পুরাণ মতে, সব অন্ধকার দূর করতেই মা কালীর মর্তে আগমন। দুষ্টের দমন ও শিষ্টের লালনের মাধ্যমে ভক্তের জীবনে কল্যাণের অঙ্গীকার নিয়ে পৃথিবীতে আগমন ঘটে দেবী।
রাতে সাড়ে ১১ টায় পূজা শুরু হয় এবং হোমসজ্ঞের মধ্য দিয়ে তা শেষ হয়। পূজা শেষে অঞ্জলী প্রদান ও প্রসাদ বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গায় অন্যের জমিকে রাস্তা দেখিয়ে চড়ামূল্যে প্লট বিক্রি

চুয়াডাঙ্গা পৌর এলাকার আরামপাড়ায় প্রতারণামূলকভাবে অন্যের জমিকে রাস্তা দেখিয়ে চড়ামূল্যে প্লট বিক্রির অভিযোগ তুলে প্রতিকার চেয়েছেন ভুক্তভোগি পাঁচ ক্রেতা। রাস্তার অভাবে বর্তমানে তারা গৃহবন্দী জীবনযাপন করছেন বলেও দাবী করেন তারা।

গতকাল শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা প্রেসক্লাবে উপস্থিত হয়ে সাংবাদিকদের সামনে প্রতারণার আদ্যোপান্ত তুলে ধরেন ক্রেতারা।

উপস্থিত অভিযোগকারীদের পক্ষে মো. জাহাঙ্গীর আলম লিখিত বক্তব্যে বলেন, তিনি নিজেসহ মোছা. সামসুন নাহার, মো. আব্দুল্লাহ আল মামুন, মোছা. চামেলী খাতুন ও রোকেয়া পারভীন চুয়াডাঙ্গার শহরতলী দৌলতদিয়াড়ের বাসিন্দা আফসার উদ্দিন বাদল মাস্টারের স্ত্রী মোছা. সেলিনা আফসারের নিকট থেকে আরামপাড়ার জমি ক্রয় করেন।
জমি বিক্রির সময় বিক্রেতা মোছা. সেলিনা আফসার এবং তার স্বামী আফসার উদ্দিন বাদল মাস্টার জমি সংলগ্ন আট ফুট রাস্তা নিজেদের

দাবী করে উচ্চ মূল্যে প্লট বিক্রি করেন।
সেসময় তারা উল্লেখিত রাস্তা জমির দলিলেও ম্যাপ করে উপস্থাপন করেন বিক্রেতা। ওই জমিতে প্রত্যেক ক্রেতাই বাড়ি করে ৮/১০ বছর ধরে বসবাস করে আসছেন। ইতিমধ্যে পৌরসভাও বিক্রেতার উল্লেখিত রাস্তায় এইচবি করে জনগণের চলাচল সুগম করেছে।

কিন্তু সম্প্রতি রাস্তার পশ্চিম পাশের মালিকগণ তাদের জমি পরিমাপ কালে দেখা যায় রাস্তা হিসেবে উল্লেখিত আট ফুট ডরম মধ্যে সাড়ে পাঁচ ফুট জমি তাদের নামে রেকর্ডভুক্ত। এ অবস্থায় জমির প্রকৃত মালিক মানবিক কারণে এক ফুট জমি ছেড়ে নিজেদের সাড়ে চার ফুট জমি ঘিরে নিয়েছেন।

এ অবস্থায় পূর্বের আট ফুট রাস্তা বর্তমানে সাড়ে তিন ফুটে পরিণত হয়েছে। এতে করে পিছনের বসবাসকারীরা চলচল করতে মারাত্মক অসুবিধায় পড়ছেন।
অভিযোগকারীরা বলেন, এ অবস্থায় জমির বিক্রেতাদের সাথে যোগাযোগ করা হলে তারা রাস্তা দেখিয়ে উচ্চ মূল্যে জমি বিক্রির বিষয়টি অস্বীকার করছেন। এবং উদ্ভুদ সমস্যা সমাধানে অপারগতা প্রকাশ করছেন।

অভিযোগকারীদের দাবী, বিক্রেতা মোছা. সেলিনা আফসারের ওয়ারিশগণের নামে বেশকিছু জমি রাস্তা সংলগ্ন এলাকায় রয়েছে। যা থেকে রাস্তা পরিমাণ জমি বিনিময়ের মাধ্যমে সমস্যা সমাধান করা সম্ভব। তাদের সাথে আলোচনার প্রস্তাব দিলেও তারা তা প্রত্যাখ্যান করে আসছেন।

আলমডাঙ্গার বন্ধু ফাউন্ডেশনের উদ্যোগে রতন জমিদারের জন্মদিন পালিত

আলমডাঙ্গায় বন্ধু ফাউন্ডেশন-৮৮ এর উদ্যোগে এম এ মান্নান রতন জমিদারের জন্মদিন পালিত হয়েছে ।

গতকাল শুক্রবার সন্ধ্যার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার আলিফ উদ্দিন মোড় প্রাঙ্গণে এ অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও কেক কাটা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন বন্ধু ৮৮ ব্যাচের মোবারক হোসেন। অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও বাদল স্মৃতি একাডেমী স্কুলের প্রধান শিক্ষক নুরুল ইসলাম দিপু, ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তরিকুল ইসলাম, বণিক সমিতির কোষাধ্যক্ষ ও বন্ধু ৮৮ এর সদস্য আলাউদ্দিন, সারজেল আলি, নুর খাঁন, আশরাফুল আলম মন্টু, বাবলু রহমান, সানোয়ার হোসেন, জালাল উদ্দিন, মানোয়ার হোসেন, মতিয়ার রহমান, ষষ্টি কুমার, সাহাবুদ্দিন, আরিফ হোসেন, আলতাফ হোসেন প্রমুখ।

ঝিনাইদহে অপহরণ মামলার আসামী গ্রেফতার

ঝিনাইদহ র্যাব-৬ এর অভিযানে ঝিনাইদহ কেন্দ্রীয় বাস টার্মিনাল এলাকা থেকে অপহরণকারী চক্রের এক সদস্য গ্রেফতার হয়েছে।

র্যাবের অফিসিয়াল প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যায়, গত বৃহস্পতিবার রাত ১১টার দিকে সিপিসি-২, ঝিনাইদহ ক্যাম্পের আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মোঃ কামাল উদ্দিন এর নেতৃত্বে ঝিনাইদহ জেলার সদর থানাধীন কেন্দ্রিয় বাসটার্মিনাল এলাকায় অভিযান পরিচালনা করে ঝিনাইদহের স্কুল ছাত্রী তানজিনা আনিকা অনি অপহরণ মামলার প্রধান আসামী কুরবান আলী (৩৮) কে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামী ঝিনাইদহ শহরের কলাবাগান পাড়ার আপীল হোসেনের ছেলে।
বিজ্ঞপ্তিতে আরও জানা যায়, গত ৯জানুয়ারী শহরের ব্যাপারীপাড়ার স্কুল ছাত্রী তানজিনা আনিকা অনি নিজ বাসার সামনে রাস্তার উপর থেকে অপহরণ করে দুর্বৃত্তরা। অনেক খুজাখুজির পর তানজিনার স্বজনরা

তার কোন খোজ না পেয়ে গত ৮মার্চ ঝিনাইদহ সদর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০০৩) এর ৭/৩০ ধারায় একটি অপহরণ মামলা দায়ের করে। মামলা নং ২৩। গ্রেফতারকৃত কুরবান আলী উক্ত মামলার এজাহার নামীয় আসামী। পরবর্তীতে উক্ত গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ সদর থানায় হস্তান্তর করা হয়।

ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মোঃ কামাল উদ্দিন বলেন, বর্তমান প্রেক্ষাপটে বাংলাদেশকে অপরাধমুক্ত করার লক্ষ্যে জঙ্গী সংক্রান্ত কার্যক্রম, সন্ত্রাস, হত্যা, ডাকাতী, ছিনতাই, অপহরণ, খুন, ধর্ষণ, গুম, মাদক ও চরমপন্থীদের অপতৎপরতা রোধে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন প্রতিনিয়ত অভিযান পরিচালনা করে যাচ্ছে। এই অভিযান তারই একটি অংশ।

গাংনীতে গম কাটাকে কেন্দ্র করে সংঘর্ষে উভয় পক্ষের ৮ জন আহত

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা গ্রামের মাঠপাড়া বিরোধপূর্ণ জমিতে গম কাটাকে কেন্দ্র করে সৃষ্ট সংঘর্ষে উভয়পক্ষের নারীসহ ৮ জন আহত হয়েছেন।
গতকাল শুক্রবার সকাল ৮ টার দিকে এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।
আহতরা হলেন, এক পক্ষের সালেহা খাতুন, মিনারুল ইসলাম, জিনারুল ইসলাম, সেন্টু হোসেন, সিরাজুল ইসলাম। অপর পক্ষের আহতরা হলেন, একই উপজেলার সানঘাট গ্রামের শাবান আলী, আসাদুল ইসলাম ও জিয়াউল ইসলাম। এ ঘটনায় হাসপাতাল চত্বরে পুলিশ মোতায়েন করা হয়েছে।

আহতদের মধ্যে শাবান আলী ও আসাদুল ইসলামের অবস্থা আশংকাজনক হওয়ায় তাদের কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

জমির শরীক নাহিদ হোসেন জানান, ৯ একর ১৩ শতক শরীকানা জমি নিয়ে ইকলাস মন্ডল ও ইসলাম আলীর সাথে প্রায় ৪৭ বছর মামলা চলে আসছিলো। ৪৭ বছর মামলা চলার পর মুনসেফ কোর্ট, জ্বজ কোর্ট ও হাই কোর্টের

তিনটি রায় ইকলাস মন্ডলের পক্ষে হয়। পরপর তিনটি রাই পক্ষে পাওয়ায় পর জমি দখলে নেন ইকলাস মন্ডলের ছেলে তোফাজ্জেল হোসেন ও তাদের শরীকরা। চলতি মৌসুমে ওই জমিতে তারা গম রোপন করেন।

গতকাল সকালে তোফাজ্জেল হোসেনের লোকজন গম কেটে বাড়ি আসার সময়, ধানখোলা গ্রামের কামরুজ্জামান, সানঘাট গ্রামের শাবান আলী ও আসাদুল ইসলামের নেতৃত্বে অর্ধশত লোকজন লাঠি শোঠা ও দেশীয় অস্ত্র নিয়ে নাহিদ হোসেনের বাড়ির পিছনে হামলা চালিয়ে সিরাজুল ইসলাম, সেন্টু হোসেন, জিনারুল ইসলাম, আমোদ আলী ও সালেহা বেগমকে রক্তাক্ত জখম করেন। পরে উভয় গ্রুপের মধ্যে সংঘর্ষ সৃষ্টি হলে প্রায় আট জন আহত হন।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। মামলা দিলে তা গ্রহন করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহের অটোচালক রাজ কুমারের পাশে দাড়ালেন পৌর মেয়র

ঝিনাইদহের সেই অটোচালক রাজকুমারের পরিবারের জন্য একটি শাড়ী ও নগদ ১ হাজার টাকা উপহার দিলেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র আলহাজ্ব সাইদুল করিম মিন্টু। শুক্রবার সকালে পৌরসভা কার্যালয়ে এ উপহার সামগ্রী প্রদান করা হয়।

এসময় পৌর মেয়র মিন্টু বলেন, করোনাকালীন সময়ের ১ম ধাপে অটোচালক রাজকুমার নিজের উপার্জিত ৫০ হাজার টাকা করোনা কালীন অসহায় মানুষের জন্য জেলা প্রশাসক সরোজ কুমার নাথের কাছে প্রদান করেছিলেন। তাই রাজকুমারের এই মহতি উদ্যোগকে সাধুবাদ জানিয়ে তিনি শুক্রবার সকালে তার সহধর্মীনির জন্য একটি শাড়ী ও ১ হাজার টাকা প্রদান করেন।

কুষ্টিয়ায় আলহাজ্ব বেলায়েত হোসেন শিক্ষবৃত্তি প্রদান

মেধা মননে আলোকিত হোক আগামী প্রজন্ম এ প্রতিপাদ্যকে সামনে রেখে কুষ্টিয়ায় আলহাজ্ব বেলায়েত হোসেন শিক্ষবৃত্তি প্রদান করা হয়েছে।

শুক্রবার সকালে মিরপুর উপজেলার আমলা-সদরপুর মাধ্যমিক বিদ্যালয় মিলনায়তনে এই শিক্ষবৃত্তি প্রদান করা হয়।

ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং(প্রা:) লি এর ব্যাবস্থাপনা পরিচালক, শিক্ষানুরাগী শিল্পপতি বশির আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল এর সাবেক প্রসিকিউটর ব্যারিস্টার সায়েদুল হক সুমন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ কে এম টিপু সুলতান, ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং(প্রা:) লি. এর চেয়ারম্যান নারগিস আহমেদ, বাংলাদেশ ব্যাংকের উপপরিচালক ও লেখক নাজমুল হুদা, জাতীয় ক্রীড়া সংগঠক আমিরুল ইসলাম, মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন, মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা লিংকন বিশ্বাস, কুষ্টিয়া জেলা সমিতি ঢাকার মহাসচিব রবিউল ইসলাম, ইবির ডেপুটি রেজিস্টার আব্দুর রশিদ প্রমুখ।

ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং(প্রা:) লি. এর পৃষ্ঠপোষকতায় ও ক্যারিয়ার কেয়ার ডট কম ও ‘আলোকিত আমলা’র সহযোগিতায় জেলার ৬টি উপজেলার এসএসসি ও সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত অস্বচ্ছ্ল পরিবারের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষায় সহায়তার জন্য ১০ লক্ষ টাকার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।

মুক্তিযোদ্ধা রুহুল কুদ্দুস এর ৪৬ তম দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঝিনাইদহে শহীদ বীর মুক্তিযোদ্ধা রুহুল কুদ্দুস এর ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে ১১ মার্চ শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে । ১৯৭৫ সালের ১১ মার্চ দেশদ্রোহী গণবাহিনীর হাতে হত্যার শিকার হয়েছিলেন। ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, ঝিনাইদহ পৌরসভার মেয়র জননেতা আলহাজ্ব সাইদুল করিম মিন্টু ভাইয়ের পিতা শহীদ বীর মুক্তিযোদ্ধা রুহুল কুদ্দুস । মুক্তিযোদ্ধা রুহুল কুদ্দুস মেমোরিয়াল প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে শোকসভা ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা রুহুল কুদ্দুস পুএ,ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, ঝিনাইদহের নগর পিতা আলহাজ্ব সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক মঞ্জুর পারভেজ তুষার, ঝিনাইদহ পৌরসভার ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান মা

দর্শনা মুজিবনগর সড়কের পাশে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান শুরু

চুয়াডাঙ্গা জেলার দর্শনা টু মুজিবনগর সড়কের পাশে যে সকল অবৈধ স্থাপনা রয়েছে আজ সকাল ১০ ঘটিকা থেকে উচ্ছেদ অভিযান শুরু করা হয়েছে।দর্শনা টু মুজিবনগর মহাসড়ক উন্নয়নে অবৈধ স্থাপনা উচ্ছেদ ও ড্রেন নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-০২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। উল্লেখ্য, গত ২১/১১/২০২০ শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা বাস স্টেশন চত্বরে দর্শনা-মুজিবনগর সড়ক উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে

রাস্তা উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর। দর্শনা-মুজিবনগর সড়ক টু লেন নতুন রাস্তার কাজ দামুড়হুদা উপজেলার দর্শনা থেকে নাটুদহ ২৩ কিলোমিটার পর্যন্ত ১শ ২০ কোটি টাকা ব্যায় ও মেহেরপুর মুজিবনগর উপজেলার ৭ কিলোমিটার পর্যন্ত রাস্তার কাজ ২৯ কোটি টাকা মোট ১শত ৪৯ কোটি টাকা ব্যায়ে রাস্তা নির্মান হবে এবং দর্শনা-মুজিবনগর সড়ক উদ্বোধন এর পর থেকেই সড়কের পাশে যে সকল অবৈধ স্থাপনা রয়েছে সেগুলো সরিয়ে ফেলার জন্য বেশ কয়েকবার মাইকিং ও নোটিশ প্রদান করা হয়েছে। মাইকিং ও নোটিশ প্রদানের পর ও যে সকল অবৈধ স্থাপনা সরিয়ে নেয়নি শুক্রবার সকালে সেগুলো ভেকু দিয়ে ভেঙে ফেলা হয়েছে।

দর্শনা-মুজিবনগর সড়কের পাশে যে অবৈধ স্থাপনা রয়েছে সেগুলো উচ্ছেদ এর সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের এমপি হাজী আলী আজগার টগর, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনসুর বাবু, নির্বাহী প্রকৌশলী নজরুল ইসলাম, চুয়াডাঙ্গা ও মেহেরপুরের উপ-পরিচালক অনুজ কুমার, দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজল, দর্শনা পৌর নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ সহ অনেকে। এ সময় চুয়াডাঙ্গা-০২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে একটি উন্নয়নশীল দেশ হিসেবে গড়ে তুলার জন্য কঠোর পরিশ্রম করে যাচ্ছেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে এই বাংলাদেশ গড়ে তুলবেন।